

স্মারক নং-জেপদি/এক-৩৬/২০২২-২০২৩/৮৯৪

তারিখঃ ৩০/১১/২০২২খ্রিঃ।

জেলা পরিষদ অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার বরাদ্দের (লীজ) দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর শহরের কেন্দ্র স্থল বালুবাড়ীতে অবস্থিত অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার ও বোচাগঞ্জ উপজেলাস্থ বোচাগঞ্জ জেলা পরিষদ অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার ০২(দুই)টি ০৩(তিন) বহুরেখ (১ জানুয়ারি/২০২৩ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ সাল পর্যন্ত) জন্য লীজ দেওয়া হবে। লীজ দেওয়ার নিমিত্তে আগ্রহী ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহর যুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরদাতাকে দাখিলকৃত দরের ৫০% জামানত হিসাবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর এর বরাবরে ব্যাংক ড্রাফট, পে-অর্ডার আকারে দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। জামানতের ব্যাংক ড্রাফট ছাড়া দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। প্রতিটি সিডিউল মূল্য ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (অফেরত যোগ্য)।

দরপত্র ডাকের দফা	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	দরপত্র ক্রয় ও দাখিলের স্থান
১	২	৩	৪	৫
১ম দফা	০৭/১২/২০২২	০৮/১২/২০২২ খ্রি: সকাল ৯.০০ টা হতে দুপুর ১টা পর্যন্ত	০৮/১২/২০২২ খ্রি: বিকাল-৩.০০ টা নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ	জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিনাজপুর সদর ও বোচাগঞ্জ এবং এ জেলা পরিষদ কার্যালয়।
২য় দফা	১৩/১২/২০২২	১৪/১২/২০২২ খ্রি: সকাল ৯.০০ টা হতে দুপুর ১টা পর্যন্ত	১৪/১২/২০২২ খ্রি: বিকাল-৩.০০ টা নিম্নস্বাক্ষরকারীর অফিস	
৩য় দফা	১৮/১২/২০২২	১৯/১২/২০২২ খ্রি: সকাল ৯.০০ টা হতে দুপুর ১টা পর্যন্ত	১৯/১২/২০২২ খ্রি: বিকাল-৪.০০ টা নিম্নস্বাক্ষরকারীর অফিস	

শর্তাবলীঃ-

- ১। অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার দুটি ০৩(তিন) বহুরেখের জন্য লীজ প্রদান করা হবে। জেলা পরিষদের নির্ধারিত রেটের অতিরিক্ত অর্থ ব্যবহারকারীর নিকট হতে আদায় করা যাবে না।
- ২। দরদাতাকে দাখিলকৃত দরের ৫০% হারে জামানত (ফেরতযোগ্য) হিসাবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে।
- ৩। দরপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূল্য সংযোজন কর/ভ্যাট সংক্রান্ত প্রমাণক নিবন্ধনপত্রের সত্যায়িত কটোকপি এবং হালনাগাদ টিআইএন নিবন্ধনপত্রের সত্যায়িত কটোকপি অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৪। দরপত্রের প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে।
- ৫। দরপত্র অনুমোদন হওয়ার ৭(সাত) দিনের মধ্যে দরপত্রের সমুদয় অর্থ ১০% আয়কর, ও ১৫% ভ্যাট নগদ অথবা চালানের মাধ্যমে জমা করে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর বরাবরে চুক্তিপত্র সম্পাদন পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর টাকা বাজেয়াপ্ত করে পুনঃলীজ দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। গৃহীত দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ চুক্তিমূল্যের ১০% ব্যাংক ড্রাফট জমা করতে হবে, যা লীজের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ফেরত যোগ্য।
- ৭। অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার সুষ্ঠুভাবে পরিচালনা করতে রক্ষণা-বেক্ষণ ব্যয় দরপত্রে অংশ গ্রহণকারীকে নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে।
- ৮। বৈদ্যুতিক বাধ ও টিউব লাইট, পানির লাইন ও স্যানিটেশন যন্ত্রাংশ, দরজা জানালার গ্রাস এবং অন্যান্য দ্রব্যাদি প্রতিস্থাপন ও রক্ষণাবেক্ষণ লীজ গ্রহীতাকে বহন করতে হবে।
- ৯। বৈদ্যুতিক বিল/পানির বিল/অন্যান্য কর লীজ গ্রহীতাকে প্রদান করতে হবে।
- ১০। অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলা পরিষদ কর্তৃক একজন কেয়ারটেকার নিয়োজিত কেয়ারটেকার এর সরকারী নির্দেশনা মতে প্রাপ্য মজুরি লীজ গ্রহীতা মাসিক ভিত্তিক পরিশোধ করবেন।
- ১১। বিভিন্নরংগের অবকাঠামোগত পরিবর্তনসহ জমির কোন ধরনের ক্ষতি সাধন করা যাবে না। ক্ষতি সাধন করা হলে জামানতের টাকা হতে এবং ক্ষতির পরিমাণ বেশী হলে তদরূপ ক্ষতি পূরণ লীজ গ্রহীতা জেলা পরিষদ কর্তৃপক্ষের অনুকূলে দিতে বাধ্য থাকবে। প্রয়োজনে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গৃহীত হবে।
- ১২। জেলা পরিষদের প্রয়োজনে জেলা পরিষদ বৎসরে কমপক্ষে ১৫(পনের) দিন অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার বিনা ভাড়া ব্যবহার করতে পারবে। সেক্ষেত্রে অগ্রধিকার ভিত্তিতে প্রয়োজনে পূর্ব বুকিং বাতিল করতে হবে।
- ১৩। লীজের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃক আরোপিত শর্তাদিসহ সরকারি সারকুলার এর নির্দেশনা প্রযোজ্য হবে।
- ১৪। জেলা পরিষদের নির্ধারিত রেটের অতিরিক্ত ভাড়া গ্রহণ করলে কিংবা এ প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুণ্ণ হবে এমন কোন কাজ করলে অথবা ভাড়া প্রদানে ব্যর্থ হলে এক মাসের নোটিশে লীজ বাতিল করে কমিউনিটি সেন্টার জেলা পরিষদের দখলে গ্রহণ করা হবে।
- ১৫। লীজ গ্রহীতা অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার পরিচালনার জন্য কোন সাব-লীজ দিলে এবং তা প্রমাণিত হলে লীজ বাতিল করে গণ্য হবে।
- ১৬। বরাদ্দ গ্রহীতা কোন অবস্থাতেই আইনে নিষিদ্ধ দ্রব্য, বিপদজনক দ্রব্য, পচনশীল ধরণের বা চুরির মালামাল ও দাহা সামগ্রী অডিটোরিয়াম ও কমিউনিটি সেন্টারে সংরক্ষণ করতে পারবেন না।
- ১৭। অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারের মালামাল ছাড়া অন্য কোন মালামাল কমিউনিটি সেন্টারের গোড়াউনে রাখা যাবে না। যদি অন্য কোন মালামাল রাখা হয়, তা হলে জেলা পরিষদ উক্ত মালামাল জব্দ করতে পারবে। পরবর্তীতে মালামালের জন্য কোন দাবি করা যাবে না।
- ১৮। দাখিলকৃত দর কথায় এবং অংকে সুস্পষ্টভাবে লিখতে হবে। দর লেখায় কোন কটাকাটি, ঘষামাজা ও ওড়ার সাইটিং করা যাবে না। অনুকূলে সিডিউলে নির্ধারিত স্থানে দর উল্লেখসহ স্বাক্ষর না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। যদি কোন কারণে দর কটাকাটি হয় তা পুনরায় স্পষ্ট করে উল্লেখ পূর্বক দরপত্রদাতাকে অনুস্বাক্ষর করতে হবে।
- ১৯। দরদাতার দাখিলকৃত দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রত্যাহার করতে পারবেন না।
- ২০। টেন্ডার ডকুমেন্ট সিডিউলে বর্ণিত শর্তাবলী বা কোন বিষয়ে উদ্ভূত কোন অস্পষ্ট বা ভুল ছাপ পরিলক্ষিত হয়ে থাকে তবে সেই ক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ২১। বরাদ্দ গ্রহীতার অবর্তমানে বা মৃত্যুজনিত কারণে বরাদ্দ গ্রহীতার বৈধ/আইন সম্মত উত্তরাধিকার/ওয়ারিশ বর্ধিত কমিউনিটি সেন্টারের বৈধ বরাদ্দ গ্রহীতা বলে গণ্য হবে। তবে বৈধ ওয়ারিশ নির্ধারণে উপযুক্ত আদালত হতে জারীকৃত উত্তরাধিকার সার্টিফিকেট দাখিল করতে হবে এবং জেলা পরিষদের অনুমোদন নিতে হবে।
- ২২। বরাদ্দ গ্রহীতার কোন ওয়ারিশ/উত্তরাধিকার না থাকলে বর্ধিত কমিউনিটি সেন্টারের পজেশন সরাসরি জেলা পরিষদের নিয়ন্ত্রণে আসবে এবং জেলা পরিষদ দিনাজপুর তার বিদ্যমান নীতিমালা অনুসারে পুনরায় টেন্ডারের মাধ্যমে কমিউনিটি সেন্টারের পজিশন হস্তান্তর করতে পারবেন।

১নমান পৃষ্ঠা নং-২

- ২৩। যে কোন জাতীয় ইদনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিন পর বরাদ্দ গ্রহীতার কোন উত্তরাধিকার নেই জানিয়ে বা বিশ্বাস করে বর্ণিত কমিউনিটি সেন্টারের পঞ্জিশন জেলা পরিষদ কর্তৃক টেন্ডারের মাধ্যমে তৃতীয় ব্যক্তির নিকট হস্তান্তর করার পর যদি উপযুক্ত/বৈধ উত্তরাধিকারের কাগজ প্রত্যাশিত/প্রদানাদি দাখিল করে সে ব্যক্তি বর্ণিত কমিউনিটি সেন্টারের পঞ্জিশন দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না। তবে মূল বরাদ্দ গ্রহীতা কর্তৃক জমাকৃত জামানতের অর্থের টাকা বিধি মোতাবেক জেলা পরিষদ বরাদ্দ গ্রহীতা ওয়ারিশ/ওয়ারিশগণকে ফেরত দিতে বাধ্য থাকবে। অন্যথায় জামানতের সম্পূর্ণ টাকা পরিষদে জমা থাকবে এবং তা জেলা পরিষদের তহবিল হিসাবে গণ্য হবে।
- ২৪। বরাদ্দ গ্রহীতার অসুস্থতা/অক্ষমতার কারণে বর্ণিত কমিউনিটি সেন্টারের ব্যবসা চালাতে/অপারগ/অক্ষম হলে বর্ণিত কমিউনিটি সেন্টারের পঞ্জেশন জেলা পরিষদ বরাবর ফেরত দিতে হবে এবং জেলা পরিষদ দিনাজপুর উক্ত কমিউনিটি সেন্টারের জন্য জামানতের টাকা বিধি মোতাবেক বরাদ্দ গ্রহীতাকে ফেরত দিতে বাধ্য থাকবে না।
- ২৫। এ ছাড়াও কমিউনিটি সেন্টারের প্রশাসন ও সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে জেলা পরিষদ প্রয়োজন মনে করলে এক বা একাধিক শর্ত আরোপ করতে পারবে যা বরাদ্দ গ্রহীতা মানতে বাধ্য থাকবে।
- ২৬। বরাদ্দ প্রাপ্ত কমিউনিটি সেন্টার ফ্যামিলি কোয়ার্টার হিসেবে ব্যবহার করা যাবে না। তবে রাতে বরাদ্দ গ্রহীতা নিজে কমিউনিটি সেন্টারের ভিতরে ঘুমতে বা থাকতে পারবেন অথবা তার কোন কর্মচারীকে গ্রহণের কাজে থাকতে অনুমতি দিতে পারবেন।
- ২৭। বরাদ্দ গ্রহীতা বরাদ্দ প্রাপ্ত কমিউনিটি সেন্টার ও এর পার্শ্ববর্তী এলাকা কোন খাজনৈতিক কর্মকান্ড বা অন্য কোন নৈতিকতা বিবর্তিত কার্যকলাপের জন্য ব্যবহার করতে পারবে না।
- ২৮। বরাদ্দ গ্রহীতাকে কমিউনিটি সেন্টারের চুক্তিপত্র সম্পাদনের যাবতীয় ব্যয় বহন রাখতে হবে।
- ২৯। পিভিবি হতে বিদ্যুৎ সংযোগ নিয়ে বিদ্যুৎ ব্যবহার করতে হবে।
- ৩০। বরাদ্দ গ্রহীতাকে দরপত্র সিডিউলে উল্লিখিত সকল শর্ত ও অতিরিক্ত শর্তাবলী সম্বলিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লিখিত চুক্তিপত্রে স্বাক্ষর করতে হবে।
- ৩১। কমিউনিটি সেন্টার বরাদ্দের বিজ্ঞপ্তিতে উল্লিখিত উপযুক্ত সাধারণ শর্তাবলী এবং চুক্তিপত্রে শর্তাবলী যে কোন শর্তভঙ্গ করলে কর্তৃপক্ষ সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্তসহ কমিউনিটি সেন্টারের বরাদ্দ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৩২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মো: জয়নুল আবেদীন)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ডাঃ)

জেলা পরিষদ, দিনাজপুর।

ফোন: ০২৫৮৯৯২৩৩৮২

মোবাইল: ০১৭৬২৯৯৯৫৬৯

ইমেইল: zpdinajpur@lga.gov.bd

অনুলিপি সদর অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
০২। পুলিশ সুপার, দিনাজপুর।
০৩। সিভিল সার্জন, দিনাজপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর ও বোচাগঞ্জ, দিনাজপুর।
০৬। মেয়র, দিনাজপুর/বোচাগঞ্জ পৌরসভা, দিনাজপুর।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর/বোচাগঞ্জ, দিনাজপুর।
০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/শিক্ষা প্রকৌশল/ জনস্বাস্থ্য/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর।
০৯। সদস্য/সংরক্ষিত আসনের সদস্য, নং ওয়ার্ড, জেলা পরিষদ, দিনাজপুর।
১০। জেলা রেজিষ্টার, দিনাজপুর।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, চেম্বার অব কমার্স, দিনাজপুর।
১২। সম্পাদক, জাতীয় পত্রিকা ও স্থানীয় দৈনিক পত্রিকা।
১৩। সিএ টু চেয়ারম্যান, জেলা পরিষদ, দিনাজপুর (চেয়ারম্যান মহোদয়ের সদর অবগতির জন্য)।
১৪। মেসার্স/জনার
১৫। অফিস কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা (ডাঃ)

জেলা পরিষদ, দিনাজপুর।